# দুর্নীতির বিরুদ্ধে আপসহীন থাকার আহ্বান অ্যাটর্নি জেনারেলের



রুহুল কুদ্দুস কাজল। ছবি: সংগৃহীত

সদ্য নিয়োগপ্রাপ্ত ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেলদের সততা, স্বচ্ছতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল।

রোববার (২ আগস্ট) নবনিয়োগপ্রাপ্ত ২৬৬ জন আইন কর্মকর্তার প্রথম কর্মদিবসে আপিল বিভাগের বিচারিক কার্যক্রমে অংশ নেন তিনি। কর্মসূচির শুরুতে দোয়া অনুষ্ঠিত হয়।

পরে আইন কর্মকর্তাদের উদ্দেশে অ্যাটর্নি জেনারেল বলেন, দায়িত্ব পালনের ক্ষেত্রে স্বচ্ছতা, পেশাদারিত্ব ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে আপসহীন অবস্থান রেখে ন্যায়বিচার প্রতিষ্ঠায় আন্তরিকভাবে কাজ করারও আহ্বান জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ জুলাই আইন মন্ত্রণালয় ৮৬ জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল এবং ১৮০ জন সহকারী অ্যাটর্নি জেনারেলের নিয়োগ দেয়।

LENS ASIA